গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

১১ তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | গৌতম কুমার<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৬/০৮/২০২১ খ্রি.। |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, শ্রম অধিদপ্তর (লিফট এর ৩)। |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট ‘ক’তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি “রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০” এর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন এবং পলিসি গাইডলাইন রিভিউ কমিটির সকল সদস্যবৃন্দকে খসড়া প্রস্তাব প্রণয়নের জন্য ধন্যবাদ প্রকাশ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ১১তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। প্রথমেই সভায় বিগত ১০ম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয় এবং সামাজিক সুরক্ষা কার্যক্রমের পলিসি গাইডলাইন রিভিউ বিষয়ে গঠিত বাস্তবায়ন নীতিমালা সংশোধন কমিটির সুপারিশ/মতামত কমিটির সদস্য সচিব কর্তৃক পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। গাইডলাইন রিভিউ বিষয়ে বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে বর্ণিত গাইডলাইন সংশোধনের সুপারিশ করা হয়। অতঃপর সভায় নগদ সহায়তা প্রদানযোগ্য নতুন উপকারভোগীদের তালিকা অনুমোদন ও কোন মাসের নগদ সহায়তা প্রদান করা হবে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১। | পলিসি গাইডলাইন রিভিউ | বাস্তবায়ন কমিটির ৯ম সভার সিদ্ধান্তমতে নগদ সহায়তা প্রদানযোগ্য নতুন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বাস্তবায়ন নীতিমালা রিভিউ এর জন্য PIC এর ৭ জন সদস্যের সমন্বয়ে গঠিত রিভিউ কমিটির সুপারিশমালা সদস্যদের মতামতের জন্য PIC সভায় উত্থাপন করা হয়। নীতিমালার রিভিউতে বাস্তবায়ন নীতিমালার ৬(ক), ৭(খ), ৭(গ), ৭(ঘ), ১৩, অনুচ্ছেদের সংশোধন ও নতুন দুটি বিষয় অন্তভূক্তি সম্পর্কে আলোচনা হয়। আলোচনায় ৬(ক) অনুচ্ছেদ এর বিষয়ে সংশ্লিষ্ট চারটি শিল্প সংগঠনের প্রতিনিধি ব্যতীত ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি ও পর্যবেক্ষকসহ কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। এক্ষেত্রে পে রোলের বিবেচ্য মাস নির্ধারণে 'ফেব্রুয়ারি ২০২০' এর পরিবর্তে 'ফেব্রুয়ারি, ২০২০ বা কর্মহীন হওয়ার পূর্বের মাসের পে রোল' গণ্য করা হবে এই মর্মে প্রতিস্থাপনের পক্ষে ইউরোপিয় ইউনিয়নের প্রতিনিধি, জার্মান ফেডারেলের প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি এবং পিআইসি'র সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যবৃন্দ একমত পোষণ করেন। তবে ০৪টি শিল্প সেক্টরের মালিক প্রতিনিধিবৃন্দ এ প্রস্তাব গ্রহণে অপারগতা প্রকাশ করেন। মালিকপক্ষের প্রতিনিধিবৃন্দ খোলা কারখানাসমূহের ফেব্রুয়ারি ২০২০ পে-রোল নেয়ার বিবেচ্য মাস হিসেবে অপরিবর্তিত রাখার পক্ষে থাকেন তবে বন্ধ কারখানার ক্ষেত্রে পে-রোলের পরিবর্তে মালিক পক্ষের প্রত্যয়ন নেয়ার বিষয়টি সংশোধনীতে আনার বিষয়ে মতামত দেন। | অত:পর ৬(ক) এর বিষয়ে উভয় পক্ষের মতামতই যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটিতে প্রেরণ এবং ঐকমত্যের অবশিষ্ট বিষয়গুলো পলিসি গাইডলাইন রিভিউ নিমিত্ত পিআইসি'র সুপারিশ আকারে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব বিকেএমইএ কর্তৃক উপকারভোগীর ভেরিফাইড তথ্য MIS এ লগ ইন করে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। এতে দেখা যায়, বিকেএমইএ'র আওতাধীন ২টি কারখানার মোট ১২৯৬ জন কর্মহীন শ্রমিকের আপলোডকৃত তথ্য বিকেএমইএ কর্তৃক ভেরিফাইড হয়ে পিআইসি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। বর্ণিত ১২৯৬ জন উপকারভোগীর তথ্য PIC'র সদস্যগণ যাচাই পূর্বক অনুমোদন করে সভাপতির চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করেন। | ১১তম পিআইসি সভায় বিকেএমই'র মোট ১,২৯৬ জন কর্মহীন বৈধ উপকারভোগীকে নগদ সহায়তার জন্য অনুমোদন দেয়া হলো। |
| ৩ | ১,২৯৬ জন কর্মহীন বৈধ উপকারভোগীকে নগদ সহায়তা প্রদানের জন্য বিবেচ্য মাস | এ বিষয়ে বিকেএমইএ প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হলে সভায় উপস্থিত মিসেস ফারজানা জানান যে, উক্ত ১,২৯৬ জন বৈধ কর্মহীন শ্রমিকের তথ্য যে দুটি কারখানা থেকে আপলোড করা হয়েছে উক্ত কারখানা দুটি ডিসেম্বর. ২০২০ এ লে-অফ ঘোষণা করা হয় এবং শ্রমিকগণ জানুয়ারি, ২০২১ থেকে কর্মহীন হয়েছেন। এমতাবস্থায়, সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে সদস্যগণ জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ ২০২১ এর আওতায় বর্ণিত সংখ্যক বৈধ উপকারভোগীকে এই নগদ সহায়তা প্রদানের পক্ষে মত দেন। | ১,২৯৬ জন বৈধ কর্মহীন শ্রমিককে জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ ২০২১ এর আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো। |

সভাপতি **সামাজিক সুরক্ষা কার্যক্রম**টিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করেন এবং আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: বর্ণনামতে

গৌতম কুমার
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১৬৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩) ।
২) অতিরিক্ত সচিব, শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অডিও ভিজুয়্যাল অফিসার, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৯) সভাপতি, বিজিএমইএ
১০) সভাপতি, বিকেএমইএ
১১) সভাপতি, এলএফএমইএবি
১২) চেয়াম্যান, বিএফএলএলএফইএ
১৩) জনাব এ.কে.এম মামুনুর রশিদ , যুগ্ম সচিব (এসডিপি) (বিজিএমইএ)
১৪) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ)
১৫) জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি)
১৬) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ)
১৭) Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh
১৮) Ms. Kishower Amin, Program Manager, European Union
১৯) Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector
২০) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW
২১) Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh)
২২) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর
২৩) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
২৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর
২৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অতিরিক্ত মহাপরির্দশকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ( অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য )
২৬) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ;
২৭) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি , ট্যানারি শ্রমিক ইউনিয়ন

২৮) অফিস কপি

আবু আশরীফ মাহমুদ
পরিচালক